

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী) এর কার্যালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬
Email: sfcair@cgdf.gov.bd

স্বাক্ষরিত (পে)
[স্বাক্ষর]

নং- এসএফসি (এয়ার)/পেন/সাঃ যোগ্য/১৩-৩/০২

তারিখ ২৪/০৮/২০২০খ্রি.

বরাবর.

উপ মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়,
৮৩-৮৫, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০

বিষয়: বাংলাদেশ বিমান বাহিনীর সকল পেনশনারের মাসিক পেনশন EFT করার জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১ এসএফসি (এয়ার)/পেন/সাঃ যোগ্য/১৩-৩/ ১৮
২। এসএফসি (এয়ার)/পেন/সাঃ যোগ্য/১৩-৩/১৭
৩। এসএফসি (এয়ার)/পেন/সাঃ যোগ্য/১৩-৩/১৬
৪। এসএফসি (এয়ার)/পেন/সাঃ যোগ্য/১৩-৩/১৫

তারিখ : ২৮/০৭/২০২০খ্রি.
তারিখ : ২৮/০৭/২০২০খ্রি.।
তারিখ : ২৮/০৭/২০২০খ্রি.
তারিখ : ২৮/০৭/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ে এবং সূত্রস্থ পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রস্থ পত্রসমূহের মাধ্যমে আপনার অধিনস্থ ঢাকা এবং ঢাকার বাহিরে সকল শাখার পেনশনারগণের সর্বশেষ মাসিক পেনশন পরিশোধের প্রত্যয়নপত্র (নীট পেনশন, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা, রেশন ইত্যাদি আলাদাভাবে উল্লেখপূর্বক) এ্যাম্বুসকৃত মূল পিপিও/ডিহাফ, ব্যাংক হিসাবের চেকের পাতার ফটোকপি, NID কার্ডের ফটোকপি এবং এহ অফিস কর্তৃক সরবরাহকৃত ইএফটি ফরম সংশ্লিষ্ট পেনশনারের সহায়তায় পূরন করতঃ এ অফিসে জরুরীভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছিল।

৩। অত্যন্ত দুঃখজনক যে, কিছু সংখ্যক ব্যাংকের শাখা থেকে মূল পিপিও(এ্যাম্বুসসীল যুক্ত) বাদে ফটোকপি প্রেরণ করছে এবং অন্যান্য কাগজপত্র সঠিকভাবে প্রেরণ করছেন। অন্যদিকে কোন কোন শাখা মাসিক পেনশন পরিশোধ করে যাচ্ছে যা মোটেই কাম্য নয়। আগামী সেপ্টেম্বর /২০২০ মাসের মাসিক পেনশন পরিশোধ করলে উক্ত পেনশনের পুনঃভরন বিল এ অফিস পরিশোধ করতে বাধ্য থাকবেনা। তাই সরকারি সিদ্ধান্ত মোতাবেক EFT কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য পেনশনারের উল্লেখিত কাগজপত্রাদি এ অফিসে প্রেরণ করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, আপনার অধিনস্থ ঢাকা এবং ঢাকার বাহিরের সকল শাখায় বাংলাদেশ বিমান বাহিনীর সকল পেনশনারগণের মাসিক পেনশন প্রদান সেপ্টেম্বর /২০২০ মাস হতে স্থগিত করে অনুচ্ছেদ-২ এ উল্লেখিত কাগজপত্রসহ এ কার্যালয়ে অতি দ্রুত প্রেরণের নির্দেশনা প্রদানের জন্য পুনরায় বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী) মহোদয়ের অনুমোদনক্রমে।

[স্বাক্ষর]
২৪/৮/২০২০
(আবুল কালাম আজাদ)
উপ-অর্থ নিয়ন্ত্রক
ফোনঃ ৯৮৮৩০১



বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

ফোন : ০২-৯৫৫২৯৯৬
৯৫৬০০০২১-২৫/২৬২
email:dgmlpo@krishibank.org.bd

বিকেন্দ্র/এমপিও/হিসাব-৩৯/২০২০-২০২১/১১৪৯

তারিখ : ৩০-০৯-২০২০ইং

১। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক(মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ বিমান বাহিনীর সকল পেনশনারের মাসিক পেনশন EFT করার জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ সংক্রান্ত সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী) এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা এর ২৪.০৮.২০২০ তারিখের পত্র নং এসএফসি(এয়ার)/পেন/সাঃ যোগ্য/১৩-৩/০২ এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ বিমান বাহিনীর সকল পেনশনারের মাসিক পেনশন প্রদান সেপ্টেম্বর/২০২০ মাস হতে স্থগিত করে অনুচ্ছেদ-২ এ উল্লেখিত সকল কাগজপত্র জরুরী ভিত্তিতে অ.এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আগামী সেপ্টেম্বর/২০২০ মাসের মাসিক পেনশন পরিশোধ করলে উক্ত পেনশনের পুনঃভরন বিল সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (বিমান বাহিনী) এর কার্যালয়, পরিশোধ করতে বাধ্য থাকবেনা।
০২। পত্রটি বিকেন্দ্র, অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার জন্য আইসিটি অপারেশন বিভাগ কে অনুরোধ করা হলো।
০৩। বিষয়টি অতীত জরুরী।

[স্বাক্ষর]
উপ-মহাব্যবস্থাপক